

“মুজিব বর্ষের আহবান,
সেবায় মিলবে পরিত্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd



নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৯.২১. ১৩৭

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৮
৩৫ জুলাই ২০২১

অফিস আদেশ

যেহেতু, জনাব বিপ্লব কুমার, কারিগরী প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ এর বিরুদ্ধে তার স্ত্রী কর্তৃক দায়েরকৃত সিআরপিসি, ১৮৯৮ এর ২৪৮ ধারা মোতাবেক যৌতুক নিরোধ আইন, ২০১৮ এর ৩ ধারার মামলার বিবাদী হিসেবে গত ২৯/১১/২০২০ তারিখে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালত, মাগুরাতে হাজিরা দিতে গেলে বিজ্ঞ বিচারক তার অন্তরবর্তীকালীন জামিন আদেশ বাতিল করে মাগুরা জেলা কারাগারে প্রেরণ করেন। তিনি বিগত ২৯/১১/২০২০ হতে ০৭/১২/২০২০ তারিখ পর্যন্ত মোট ০৯ দিন মাগুরা জেলা কারাগারে আটক থাকেন;

যেহেতু, বিএসআর পাট-১ এর বিধি ৭৩ এর নোট(২) মোতাবেক জনাব বিপ্লব কুমারকে গ্রেফতারের তারিখ অর্থাৎ ২৯/১১/২০২০ হতে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব বিপ্লব কুমার এর বিরুদ্ধে দায়েরকৃত সিআরপিসি, ১৮৯৮ এর ২৪৮ ধারা মোতাবেক যৌতুক নিরোধ আইন, ২০১৮ এর ৩ ধারায় মামলাটি আপোষ নীমাংসা হওয়ার কারণে তার স্ত্রী মামলাটি প্রত্যাহারের জন্য আবেদন করায় বিগত ০১/০২/২০২১ তারিখে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালত, মাগুরা কর্তৃক আসামীদেরকে অত্র মামলার দায় হতে খালাস প্রদান করা হয়। এপ্রেক্ষিতে জনাব বিপ্লব কুমার তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন দাখিল করেছেন;

সেহেতু, জনাব বিপ্লব কুমার, কারিগরী প্রশিক্ষক (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, ঝিনাইদহ সদর, ঝিনাইদহকে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালত, মাগুরা কর্তৃক খালাস প্রদান করায় তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করে তাকে চাকরিতে পুনর্বহাল করা হলো। সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্য হবেন। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শেখ রফিকুল ইসলাম

মহাপরিচালক

ফোন: ০২৫৫০০৭০২৪

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৯.২১. ১৩৭ (১২)

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৮
৩৫ জুলাই ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. পরিচালক(প্রশাসন ও অর্থ)/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর, খুলনা।
৩. উপপরিচালক(প্রকাশনা, গবেষণা ও মূল্যায়ন), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঝিনাইদহ।
৫. সহকারী পরিচালক(প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৬. জেলা হিসাবরক্ষণ অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৭. উপজেলা সমাজসেবা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৮. জনাব বিপ্লব কুমার, কারিগরী প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

মোঃ নূরুল হক মিয়া

উপপরিচালক(প্রশাসন ও অর্থ)

ফোন: ০২৫৫০০৭০২৪